**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 18-02-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আগামী ২০শে ফেব্রুয়ারি আগরতলায় দেশের উত্তরপূর্ব ও উত্তর অঞ্চলের জন্য যৌথ আঞ্চলিক রাজভাষা সম্মেলনের উদ্বোধন করবেন।**
**(২) সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিংকু রায় বলেছেন, কেন্দ্রীয় সরকারের চারটি নতুন শ্রম কোডের মাধ্যমে মহিলাদের আরো বেশি অধিকার নিশ্চিত হয়েছে।**
**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিশ্ব নেতাদের সঙ্গে একাধিক দ্বিপাক্ষিক বৈঠক করেছেন।**
**(৪) কেন্দ্রীয় তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেছেন, সরকারের লক্ষ্য হল একটি অন্তর্ভুক্তিমূলক AI ইকোসিস্টেম তৈরি করা যা উদ্যোগ এবং MSME উভয়কেই ক্ষমতায়িত করে, একইসঙ্গে ভবিষ্যতের জন্য ভারতের কর্মীবাহিনীকে প্রস্তুত করে।**
**(৫) টিসিএ পরিচালিত অনূর্ধ্ব ১৮ ক্রিকেট প্রতিযোগিতায় বনমালিপুর ক্রিকেট ক্লাব চ্যাম্পিয়ন হয়েছে।**

**************************************

**Rajbhasha Conference :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আগামী ২০শে ফেব্রুয়ারি আগরতলায় দেশের উত্তরপূর্ব ও উত্তর অঞ্চলের জন্য যৌথ আঞ্চলিক রাজভাষা সম্মেলনের উদ্বোধন করবেন। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের অধীনস্ত কেন্দ্রীয় সরকারি রাজভাষা বিভাগের উদ্যোগে আগরতলার হাঁপানিয়ার ইন্টারন্যাশনাল ইনডোর এক্সিবিশন সেন্টারে এই সম্মেলন শুরু হবে আগামী ২০শে ফেব্রুয়ারি দুপুর ২টায়।

এই যৌথ সম্মেলনে পূর্ব অঞ্চল (পশ্চিমবঙ্গ, ওড়িশা, বিহার, ঝাড়খণ্ড), উত্তর-পূর্ব অঞ্চল (ত্রিপুরা, আসাম, মণিপুর, মেঘালয়, মিজোরাম, নাগাল্যান্ড, অরুণাচল প্রদেশ, সিকিম) এবং উত্তর অঞ্চল (উত্তরপ্রদেশ, উত্তরাখণ্ড, হরিয়ানা, পাঞ্জাব, হিমাচল প্রদেশ, রাজস্থান, জম্মু-কাশ্মীর ও লাদাখ)-এর কেন্দ্রীয় সরকারি দফতর, ব্যাংক ও সংস্থার ঊর্ধ্বতন কর্মকর্তারা অংশগ্রহণ করবেন।

*************************

**PM BISWAKARMA :**

গোমতি জেলাভিত্তিক উদ্যম সমাগম আজ উদয়পুরে অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রী বিশ্বকর্মা যোজনা এবং পি.এম.ই.জি.পি সহ বিভিন্ন কেন্দ্রীয় ও রাজ্য সরকারি প্রকল্পের সুবিধা নিয়ে এই সমাগমের আয়োজন করা হয়। ত্রিপুরা ইন্ডাস্ট্রিয়াল ডেভেলাপমেন্ট কর্পোরেশন লিমিটেডের উদ্যোগে উদয়পুর পি আর টি আই-তে আয়োজিত এই কর্মসূচিতে জেলার যুব উদ্যোক্তা, ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায়ী এবং বিভিন্ন শিল্প ক্ষেত্রের কারিগররা অংশ গ্রহণ করেন। অনুষ্ঠানে ভর্তুকি যুক্ত ঋণ, ই-মার্কেটিং, রপ্তানির সুযোগ এবং ব্যবসা সম্প্রসারণের বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা করেন বিভিন্ন দপ্তরের আধিকারিকরা।

*************************

**SHe-Box Portal :**

সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিংকু রায় বলেছেন, কেন্দ্রীয় সরকারের চারটি নতুন শ্রম কোডের মাধ্যমে মহিলাদের আরো বেশি অধিকার নিশ্চিত হয়েছে। আজ আগরতলার প্রজ্ঞাভবনে সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের উদ্যোগে কর্মক্ষেত্রে মহিলাদের যৌন হেনস্থা প্রতিরোধ ও প্রতিকার আইন সম্পর্কে সচেতন করার লক্ষ্যে 'শি বক্স পোর্টাল'-এর উপর একদিনের রাজ্যভিত্তিক কর্মশালায় তিনি একথা বলেন। তিনি বলেন, মহিলাদের প্রতিটি অধিকার সম্পর্কে সচেতন করা, তাদের সাহস জোগানো এবং তারা যাতে

ন্যায়বিচার পায় তার জন্য সরকার আন্তরিকভাবে কাজ করছে। মহিলারা স্ব-স্ব ক্ষেত্রে আত্মসম্মানের সঙ্গে কাজ করতে পারলে আত্মনির্ভর ভারত গড়ার সংকল্প যথাযথ বাস্তবায়িত হবে। তিনি আরো বলেন সরকারিও বেসরকারি মহিলা কর্মচারীদের কম খরচে থাকার জন্য রাজ্যে দশটি ওয়ার্কিং উইমেন্স হোস্টেল গড়ে তোলা হচ্ছে। কর্মক্ষেত্রে মহিলাদের আত্মসম্মানের অধিকার নিশ্চিত করতে যে কমিটি গঠন করা হয়েছে তাতে পুরুষ ও মহিলাদের সমান প্রতিনিধিত্বের উপর গুরুত্ব দেওয়া হয়েছে। অনুষ্ঠানে ত্রিপুরা মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মা বলেন, নারীদের অধিকার সম্পর্কে আগামী প্রজন্মকে আরো বেশি শিক্ষিত করতে হবে। বাল্যবিবাহ রোধ, নারী নির্যাতন বন্ধ করা ও কর্মক্ষেত্রে মহিলাদের হেনস্থা প্রতিরোধ সম্পর্কে এধরনের আলোচনা সময়োপযোগী। উপস্থিত ছিলেন ভারত সরকারের শিশু ও নারী কল্যাণ মন্ত্রকের প্রতিনিধি সুমিত গোয়েল এবং মুকেশ কে সিং, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের বিশেষ সচিব তপন কুমার দাস। কর্মশালায় ৭১টি দপ্তরের প্রতিনিধি উপস্থিত ছিলেন।

*************************

**Paddy Procurement :**

খাদ্য দপ্তর ও কৃষি দপ্তরের উদ্যোগে আজ থেকে গোমতি জেলার টেপানিয়া ব্লকে কৃষকদের কাছ থেকে সহায়ক মূল্যে ধান কেনা শুরু হয়েছে। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন টেপানিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন ঝর্ণা দাস ও ভাইস চেয়ারম্যান রামচন্দ্র দেবনাথ। শ্রী দেবনাথ জানান, আজ থেকে বাগমা বাজারেও দ্বিতীয় ধাপে কৃষকদের কাছে ধান কেনা শুরু হয়েছে।

*************************

**Bal Vivah Mukta Bharat :**

ভলান্টারি হেলথ অ্যাসোসিয়েশন অফ ত্রিপুরার উদ্যোগে আজ আগরতলার আই.এম.এ হাউসে শিশু অধিকার, বাল্য বিবাহ প্রতিরোধ ইত্যাদি বিভিন্ন

বিষয়ে একদিনের কর্মশালা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি বিশ্বজিৎ শীল, শিশু সুরক্ষা কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেব্বর্মা সহ বিভিন্ন এন.জি.ও-র সদস্যরা।

***************************

**Bal Vivah Mukta Bharat- Hejamara :**

হেজামারা মাল্টিপারপাস কমিউনিটি হলে আজ বাল্যবিবাহ মুক্ত ভারত অভিযান শীর্ষক জনসচেতনতামূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। হেজামারা আই.সি.ডি.এস প্রোজেক্ট কার্যালয়ের উদ্যোগে আয়োজিত এই আলোচনা সভার উদ্বোধন করেন শিল্প ও বাণিজ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী বৃষকেতু দেববর্মা। তিনি বাল্যবিবাহ মুক্ত ভারত গঠনে সবাইকে এগিয়ে আসতে আহ্বান জানান। উপস্থিত ছিলেন এডিসি'র কার্যনির্বাহী সদস্য রবীন্দ্র দেববর্মা, হেজামারা বিএসি'র চেয়ারম্যান সুনীল দেববর্মা প্রমুখ।

****************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২২শে ফেব্রুয়ারী, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১৩১তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২০ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নয়াদিল্লিতে ইন্ডিয়া এআই ইমপ্যাক্ট সামিটের পাশাপাশি বিশ্ব নেতাদের সাথে একাধিক দ্বিপাক্ষিক বৈঠক করেছেন। প্রধানমন্ত্রী আজ সকালে হায়দ্রাবাদ হাউসে স্পেনের রাষ্ট্রপতি পেদ্রো সানচেজের সাথে বৈঠক করেছেন। উভয় নেতা ভারত-স্পেন অংশীদারিত্ব আরও গভীর করার লক্ষ্যে বিস্তৃত বিষয় নিয়ে আলোচনা করেছেন।

প্রধানমন্ত্রী শ্রী মোদী ফিনল্যান্ডের প্রধানমন্ত্রী আন্টি পেটেরি অর্পোর সঙ্গেও আজ দ্বি-পাক্ষিক সম্পর্ক নিয়ে আলোচনা করেন। তাছাড়া তারা দায়িত্বশীল, প্রতিভা-চালিত কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) এগিয়ে নেওয়া এবং একটি সুস্থায়ী ভবিষ্যতের জন্য প্রযুক্তি-সক্ষম সমাধানগুলিকে কাজে লাগানোর প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছেন।

শীর্ষ সম্মেলনের ফাঁকে শ্রী মোদী সার্বিয়ার রাষ্ট্রপতি আলেকজান্ডার ভুসিকের সঙ্গেও আলোচনা করেন। প্রধানমন্ত্রী শ্রী মোদী ক্রুয়েশিয়ার প্রধানমন্ত্রী আন্দ্রেজ প্লেনকোভি, ভুটানের প্রধানমন্ত্রী দাশো শেরিং টোবগে কাজাখস্তানের প্রধানমন্ত্রী ওলজাস বেকটেনভের সঙ্গেও দ্বিপাক্ষিক বিষয় নিয়ে আলোচনা

করেন। আজ সকালে গুগলের সিইও সুন্দর পিচাই প্রধানমন্ত্রী শ্রী মোদীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন।

***************************

**Electricity :**

বিদ্যুৎ নিগমের ব্যবস্থাপক অধিকর্তা বিশ্বজিৎ বসু জানিয়েছেন, আগরতলা শহরের বিদ্যুৎ পরিষেবাকে আরও নিরবচ্ছিন্ন, স্বাচ্ছন্দ্যময় এবং আধুনিক প্রযুক্তিনির্ভর করতে গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছে রাজ্য বিদ্যুৎ নিগম। তিনি জানান, এর অঙ্গ হিসাবে আগামীকাল থেকে তেসরা মার্চ পর্যন্ত প্রগতি বিদ্যাভবন সংলগ্ন সাব স্টেশনে ৩২ এম.ভি.এ ক্ষমতা সম্পন্ন ট্রান্সফরমার বসানোর কাজ চলবে।

*******************************

**AI Summit :**

কেন্দ্রীয় তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেছেন, সরকারের লক্ষ্য হল একটি অন্তর্ভুক্তিমূলক AI ইকোসিস্টেম তৈরি করা যা উদ্যোগ এবং MSME উভয়কেই ক্ষমতায়িত করে, একইসঙ্গে ভবিষ্যতের জন্য ভারতের কর্মীবাহিনীকে প্রস্তুত করে। আজ নয়াদিল্লিতে ইন্ডিয়া এ.আই ইমপ্যাক্ট সামিট ২০২৬-এ কৌশলগত সম্মেলনে তিনি একথা বলেন। তিনি বলেন, প্রতিযোগিতামূলকতা জোরদার করতে পারে এবং উদ্ভাবন ও উদ্যোক্তাদের জন্য নতুন সুযোগ উন্মোচন করতে পারে।

#####Byte-Ashwini Vaishnaw#####

কেন্দ্রীয় মন্ত্রী শ্রী বৈষ্ণো ইন্ডিয়া এ.আই ইমপ্যাক্ট সামিট ২০২৬-এর দ্বিতীয় দিনে 'ওয়েভস ক্রিয়েটর্স কর্নার'-এর উদ্বোধন করেন। এই প্যাভিলিয়নে কৃত্রিম বুদ্ধিমত্তার রূপান্তরমূলক প্রয়োগের নানাদিক তুলে ধরা হয়েছে।

মিডিয়া লাউঞ্জে এক সাক্ষাৎকারে তিনি সমাজের ওপর এ.আই-এর প্রভাব, প্রযুক্তি কীভাবে গ্রামীণ ভারতের প্রতিভার বিকাশ ঘটাচ্ছে, তা তুলে ধরেন।

শিল্পের চাহিদার দিকে নজর রেখে ছাত্রছাত্রীদের সৃজনশীলতার পাঠদানের ক্ষেত্রে আইআইসিটি-র ভূমিকার প্রশংসা করেন শ্রী বৈষ্ণব। সামিটে ওয়েভস ক্রিয়েটর্স কর্নারে মত বিনিময় করবেন বিশেষজ্ঞ এবং আন্তর্জাতিক নেতৃত্ব।

*******************************

**Self Defense Camp :**

আত্মরক্ষার প্রাথমিক কৌশল ও নিরাপত্তা সচেতনতা বিষয়ক একদিনের প্রশিক্ষণ আজ আগরতলার রামঠাকুর মহাবিদ্যালয়ের বাংলা বিভাগের উদ্যোগে অনুষ্ঠিত হয়েছে। কর্মশালায় আত্মরক্ষার বিভিন্ন ব্যবহারিক কৌশল প্রদর্শনের পাশাপাশি বিপদের সময় মানসিক স্থিরতা বজায় রাখা, আত্মবিশ্বাস বৃদ্ধি এবং দ্রুত সিদ্ধান্ত গ্রহণের গুরুত্ব সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। অংশগ্রহণকারী ছাত্রছাত্রীরা হাতে-কলমে প্রশিক্ষণের মাধ্যমে আত্মরক্ষার মৌলিক কৌশল আয়ত্ব করার সুযোগ পান।

*************************

**Under 18 Cricket :**

টিসিএ পরিচালিত রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৮ ক্রিকেট প্রতিযোগিতায় বনমালিপুর ক্রিকেট ক্লাব চ্যাম্পিয়ন হয়েছে। এম বি বি স্টেডিয়ামে তিনদিনের ফাইনালে খেলায় বনমালিপুর ক্রিকেট ক্লাব ৯১ রানে মোহনপুরকে পরাজিত করে। তিনদিনের ফাইনালটি খেলা আজ শেষ হয়।

*************************

**Women's Cricket :**

মহিলাদের জাতীয় সিনিয়র ক্রিকেটের সীমিত ওভারের আসরে গ্রুপের সপ্তম তথা শেষ খেলায় ত্রিপুরা পরাজিত হয়েছে। আজ রাঁচিতে অনুষ্ঠিত খেলায় দিল্লী ৩৬ রানে রাজ্যদলকে হারিয়ে দেয়। মোট সাতটি খেলায় রাজ্যদল ২টিতে জয় পায়, অপর পাঁচটি ম্যাচে হেরে যায়।

**********************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

****************************